

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ২৪৩

৪/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ 8/২২. জামাআতের পক্ষ থেকে কাউকে সালাত পড়ানোর জন্য সামনে পাঠানো যখন ইমাম বিলম্ব করবে এবং সামনে পাঠানোতে বিশৃঙ্খলার ভয় না করবে

تقديم الجماعة من يصلى بهم إذا تأخر الإمام ولم يخافوا مفسدة بالتقديم

## আরবী

حَدِيْثُ سَهْلِ بْنِ سَعْدِ السَّاعِدِيِّ أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم ذَهَبَ إِلَى بَنِي عَمْرِو بْنِ عَوْف لِيُصْلِّحَ بَيْنَهُمْ فَحَانَتْ الصَّلاَةُ فَجَاءَ الْمُؤَدِّنُ إِلَى أَبِي بَكْرٍ فَقَالَ أَتُصَلِّي لِلنَّاسِ فَأُقِيمَ قَالَ نَعَمْ فَصَلَّى أَبُو بَكْرٍ فَجَاءَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم والنَّاسُ فِي الصَّلاَةِ فَتَحَلَّصَ حَتَّى وَقَفَ فِي الصَّفِّ فَصَفَّقَ النَّاسُ وَكَانَ أَبُو بَكْرٍ لاَ يَلْتَفِتُ فِي صَلَاتِهِ فَلَمَّا أَكْثَرَ النَّاسُ التَّصْفِيقَ الْتَقَتَ فَرَأَى رَسُولَ اللهِ صلى الله عليه وسلم فَأَشَارَ إلَيْهِ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَأَشَارَ إلَيْهِ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَأَشَارَ يَديُهِ فَحَمِدَ اللهَ عَلَى مَا أَمْرَهُ بِهِ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم مِنْ ذَلِكَ ثُمَّ اسْتَأْخَرَ لَيْهُ بَيْدُ مِكْرٍ رَضِيَ اللهُ عَنْهُ يَدَيْهِ فَحَمِدَ اللهَ عَلَى مَا أَمْرَهُ بِهِ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم مِنْ ذَلِكَ ثُمَّ اسْتَأْخَرَ النَّوسَاءِ فَقَالَ اللهِ عليه وسلم مَنْ ذَلِكَ ثُمَّ اسْتَأْخَرَ النَّ سَعْرَفَ قَالَ اللهِ عليه وسلم مَنْ ذَلِكَ ثُمَّ السَّافُ فَلَمَّا الْمُعَرَفَ قَالَ اللهِ عَلَى مَا أَبُو بَكْرٍ مَا مَنَعَكَ أَنْ تَثْبُتَ إِذْ أَمَرْتُكَ فَقَالَ أَبُو بَكْرٍ مَا كَانَ لِابْنِ أَبِي الْصَرَفَ قَالَ اللهِ عليه وسلم فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم مَا لِي رَأَيْتُكُمْ أَكْتُرْتُمْ التَصْفِيقَ مَنْ رَابَهُ شَيْءٌ فِي صَلَاتِهِ فَلْيُسَبِّحْ فَإِنَّهُ إِذَا عَلَيه وسلم مَا لِي رَأَيْتُكُمْ أَكْتُرْتُمْ التَّصْفِيقَ مَنْ رَابَهُ شَيْءٌ فِي صَلَاتِهِ فَلْيُسَبِّحْ فَإِنَّهُ إِذَا سَبَّحَ الْتُونَ إِلَيْهِ وَإِنَّهُ إِنَا النَّهُ مَا التَصْفُونِ لَلْهِ النِّهُ الْمَا التَصْفُونِ لَلْهِ اللّهِ عَلْهُ مَا اللّهِ عَلْهُ اللّهُ عَلْهُ اللهِ عَلْهُ وَالْمَا التَصْفُولُ اللّهِ عَلْهُ مَا الْتَصْفُولُ اللّهِ عَلْهُ وَاللّهُ اللهُ عَلَيْهُ إِلْهُ اللّهُ عَلْهُ اللّهُ اللهُ عَلَيْهُ وَاللّهُ اللّهُ عَلْهُ اللّهُ اللّهُ عَلْهُ اللّهُ عَلْهُ اللّهُ اللّهُ عَلْهُ اللّهُ اللّهُ اللّهُ عَلْهُ اللّهُ اللّهُ عَلْهُ اللّهُ اللّهُ عَلَيْهِ اللّهُ اللهُ اللهُ اللهُ عَلْهُ اللّهُ اللّهُ اللّهُ اللّه

## বাংলা

২৪৩. সাহল ইবনু সা'দ সা'ঈদী (রাযি.) হতে বর্ণিত যে, একদা আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'আমর ইবনু আওফ গোত্রের এক বিবাদ মীমাংসার জন্য সেখানে যান। ইতোমধ্যে (আসরের) সালাতের সময় হয়ে গেলে, মুয়ায্যিন আবূ বকর (রাযি.)-এর নিকট এসে বললেন, আপনি কি লোকদের নিয়ে সালাত আদায় করে নেবেন? তা হলে ইকামাত(ইকামত/একামত) দেই? তিনি বললেন, হাাঁ, আবূ বকর (রাযি.) সালাত আরম্ভ করলেন। লোকেরা সালাতে থাকতে থাকতেই আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাশরীফ আনলেন



এবং তিনি সারিগুলো ভেদ করে প্রথম সারিতে গিয়ে দাঁড়ালেন। তখন সাহাবীগণ হাতে তালি দিতে লাগলেন। আবৃ বকর (রাযি.) সালাতে আর কোন দিকে তাকাতেন না। কিন্তু সাহাবীগণ যখন অধিক করে হাতে তালি দিতে লাগলেন, তখন তিনি তাকালেন এবং আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখতে পেলেন। আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর প্রতি ইঙ্গিত করলেন- নিজের জায়গায় থাক।

তখন আবু বাকর (রাযি.) দু'হাত উঠিয়ে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নির্দেশের জন্য আল্লাহর প্রশংসা করে পিছিয়ে গেলেন এবং কাতারের বরাবর দাঁড়ালেন। আর আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সামনে এগিয়ে সালাত আদায় করলেন। সালাত শেষ করে তিনি বললেন, হে আবু বকর! আমি তোমাকে নির্দেশ দেয়ার পর কিসে তোমাকে বাধা দিয়েছিল? আবু বকর (রাযি.) বললেন, আবু কুহাফার পুত্রের জন্য আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সামনে দাঁড়িয়ে সালাত আদায় করা শোভা পায় না। আতঃপর আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আমি তোমাদের এক হাতে তালি দিতে দেখলাম। ব্যাপার কী? শোন! সালাতে কারো কিছু ঘটলে সুবহানাল্লাহ্ বলবে। সুবহানাল্লাহ্ বললেই তার প্রতি দৃষ্টি দেয়া হবে। আর হাতে তালি দেয়া তো নারীদের জন্য।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ১০; আযান, অধ্যায় ৪৮, হাঃ ৬৮৪; মুসলিম, পর্ব ৪ : সালাত, অধ্যায় ২২, হাঃ ৪২১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন